



# সরকারি আদিতমারী গিরিজা শংকর মডেল স্কুল অ্যান্ড কলেজ

স্থাপিতঃ ১৯৪২ খ্রিঃ, সরকারিকরণঃ ২৫/১১/২০১৮ খ্রিঃ  
ডাকঘরঃ আদিতমারী-৫৫১০, উপজেলাঃ আদিতমারী, জেলাঃ লালমনিরহাট-৭০  
মোবাইলঃ ০১৭১৯-৭৭০৬২৯, ইমেইলঃ [aghs7375@gmail.com](mailto:aghs7375@gmail.com)  
[www.gagsmsc.edu.bd](http://www.gagsmsc.edu.bd)

তারিখঃ ১৪/১২/২০২৫ খ্রি.

## ২০২৬ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

- ২০২৬ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণিতে ভর্তির যাবতীয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ভর্তির জন্য লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীরা ১৭ ডিসেম্বর, ২০২৫ তারিখ বুধবার থেকে ২০ ডিসেম্বর, ২০২৫ তারিখ শনিবার পর্যন্ত প্রতিষ্ঠানের ওয়েবসাইট [www.gagsmsc.edu.bd](http://www.gagsmsc.edu.bd) প্রবেশ করে এসএমএসের মাধ্যমে পাঠানো আইডি ও পাসওয়ার্ড দিয়ে Login করে শিক্ষার্থীর তথ্য (ছবিসহ) অভিভাবকের তথ্য ও শিক্ষার্থীর ঠিকানা সংক্রান্ত তথ্য পূরণ করে এবং ভর্তি ফি পেমেন্ট করে প্রয়োজনীয় কাগজপত্র অফিসে জমা দিয়ে শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করবে। প্রতিষ্ঠানের ওয়েবসাইটে লগইন করার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড ইতোমধ্যে মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে।
- ওয়েবসাইটে ফিস পেমেন্ট অপশনে গিয়ে Online Mobile Banking 'Bkash' এর মাধ্যমে ভর্তি ফি প্রদান করা যাবে অথবা
- Student ID দিয়ে বিকাশের মাধ্যমে ভর্তি ফি প্রদান করা যাবে। এক্ষেত্রে বিকাশ অ্যাপসে প্রবেশ করে "আরো দেখুন" ক্লিক করে Education Fee অপশন ট্যাপ করে প্রতিষ্ঠানের নাম "Govt. Aditmari Girija Sankar Model School And College" লিখে সার্চ দিয়ে বিল সময় সীমা সিলেক্ট করে, স্টুডেন্ট আইডি লিখে পরবর্তী অপশনে গিয়ে পেমেন্ট করা করা যাবে।

৫. ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত কোনরূপ জিজ্ঞাসা থাকলে ০১৭৬৩-৭০২৫৫০ নম্বরে যোগাযোগ করতে হবে।

ওয়েবসাইটে তথ্য পূরণ করে এবং নির্ধারিত ফি পেমেন্ট পূর্বক নিম্নোক্ত কাগজপত্র অফিসে জমা করে ভর্তি নিশ্চিত করতে হবে।

- ০১। অনলাইনে পূরণকৃত স্টুডেন্ট প্রোফাইল এর ডাউনলোডকৃত -০১ কপি।
- ০২। ভর্তি ফি পরিশোধের রশিদ- ০২ কপি।
- ০৩। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি।
- ০৪। শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ০৫। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ০২ কপি। (পিছনের ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।
- ০৬। পঞ্চম শ্রেণি পাশের প্রত্যয়ন পত্রের মূল কপি।

ভর্তি ফিঃ

ক্রমিক	ষষ্ঠ শ্রেণি	
০১	ছাত্র	১০৬২ টাকা
০২	ছাত্রী	১০৬২ টাকা

(বি.দ্রঃ নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে ভর্তির সুযোগ বাতিল বলে গন্য হবে।)

ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিষ্ঠান হতে ৭০/- টাকা জমা দিয়ে ইউনিফর্মের জন্য ব্যাজ ও সোল্ডার সংগ্রহ করে আগামী ৩১/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানের নির্ধারিত ইউনিফর্ম তৈরী করে ০১ জানুয়ারী, ২০২৬ খ্রি. তারিখে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

(শওকাত আরা সিদ্দিকা)

প্রধান শিক্ষক/প্রশাসনিক প্রধান

সরকারি আদিতমারী গিরিজা শংকর মডেল স্কুল অ্যান্ড কলেজ  
আদিতমারী, লালমনিরহাট